

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৬১) সম্মানিত শাইখ! আশা করি তাকদীরের মাসআলা সম্পর্কে বিস্তারিত আলোচনা করবেন। মানুষের মূল কাজ কি পূর্ব নির্ধারিত এবং কাজটি পালন করার নিয়মের ক্ষেত্রে মানুষ কি স্বাধীন? উদাহরণ স্বরূপ বলা যায় যে, কোনো মানুষের জন্য যদি লেখা থাকে যে, সে একটি মসজিদ বানাবে। সে অবশ্যই মসজিদ বানাবে। তবে কীভাবে বানাবে এ ব্যাপারে সে স্বাধীন। এমনিভাবে পাপ কাজ নির্ধারিত থাকলে তা অবশ্যই করবে। কীভাবে করবে তা নির্ধারিত হয় নি। মোটকথা মানুষের তাকদীরের যে সমস্ত কর্ম নির্ধারিত আছে, তা বাস্তবায়নের ব্যাপারে মানুষ সম্পূর্ণ স্বাধীন কথাটি কি ঠিক?

উত্তর: তাকদীরের মাসআলা নিয়ে বহু দিন যাবৎ মানুষের মাঝে দ্বন্দ্ব চলে আসছে। এ জন্যই মানুষ তাকদীরের মাসআলাকে কেন্দ্র করে তিনভাগে বিভক্ত হয়েছে।

- ১. এক শ্রেণির লোক বলে থাকে সব কিছু পূর্ব নির্ধারিত ভাগ্য অনুযায়ী সংঘটিত হয়। এতে মানুষের ব্যক্তিগত কোনো স্বাধীনতা নেই। এদের মতে প্রচণ্ড বাতাসের কারণে ছাদে থেকে কোনো মানুষ নিচে পড়ে যাওয়া এবং স্বেচ্ছায় সিড়ি বেয়ে নেমে আসা একই রকম।
- ২. অন্য একদলের মতে মানুষ তার কর্মে সম্পূর্ণ স্বাধীন। আল্লাহ রাব্বুল আলামীন কর্তৃক লিখিত ভাগ্যকে তারা সরাসরি অস্বীকার করে। তাদের মতে মানুষ সম্পূর্ণ স্বাধীন রূপে কর্ম সম্পাদন করে থাকে। ভাগ্য বলতে কিছু নেই।
- ৩. উভয় দলের মাঝখানে আহলে সুন্নাত ওয়াল জামা'আতের আকীদা হলো, তাঁরা আল্লাহ তা'আলার নির্ধারিত তাকদীরে বিশ্বাস করেন। সাথে সাথে তারা কর্ম নির্বাচনের ক্ষেত্রে বান্দার স্বাধীনতাকে স্বীকার করেন। বান্দার কর্ম আল্লাহর নির্ধারণ এবং বান্দার নির্বাচনের মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। ছাদে থেকে বাতাসের চাপে মাটিতে পড়ে যাওয়া এবং স্বেচ্ছায় সিঁড়ি দিয়ে নেমে আসার মাঝে মানুষ অবশ্যই পার্থক্য করতে জানে। প্রথমটিতে তার কোনো ইচ্ছা ছিলনা এবং দ্বিতীয়টি তার ইচ্ছা অনুযায়ী সংঘটিত হয়েছে। কিন্তু উভয় কাজ আল্লাহর ফায়সালা অনুযায়ীই সংঘটিত হয়েছে। আল্লাহর রাজত্বে তাঁর ইচ্ছার বাইরে কিছুই সংঘটিত হয় না, তা সম্পর্কেই তাকে জিজ্ঞাসা করা হবে। শরী'আতের আদেশ-নিষেধ অমান্য করে তাকদীরের মাধ্যমে দলীল পেশ করার কোনো সুযোগ নেই। কেননা শরী'আত বিরোধী কর্মের দিকে অগ্রসর হওয়ার সময় সে আল্লাহর নির্ধারণ সম্পর্কে অবগত থাকে না। স্বেচ্ছায় পাপ কাজের প্রতি অগ্রসর হওয়ার কারণেই দুনিয়া বা আখেরাতে শান্তির সম্মুখীন হবে। কাউকে পাপ কাজে বাধ্য করা হলে তাকে শান্তি দেওয়া যাবে না। বেমন, একজন অন্য জনকে জারপুর্বক মদ পান করিয়ে দিলে মদপানকারীকে শান্তি দেওয়া যাবে না। কারণ, এক্ষেত্র স্বেচ্ছায় সে পান করে নি। মানুষ ভালো করেই জানে যে, আগুন থেকে পালিয়ে নিরাপদ স্থানে আশ্রয় গ্রহণ করা এবং বসবাসের জন্য সুন্দর ঘরবাড়ি নির্বাচন করা তার আপন পছন্দ অনুযায়ী হয়ে থাকে। সুন্দর ঘরবাড়ি নির্বারণ এবং আগুন থেকে বাঁচার সুযোগ থাকা সত্বেও যে মানুষ সে সুযোগ গ্রহণ করে নি, তাকে সুযোগ নন্ত করার জন্য তিরস্কার করা হয়। তবে কী জন্যে সে পরকালের আযাব



থেকে রেহাই পাওয়ার এবং জান্নাত আবশ্যককারী আমলগুলো ছেড়ে দেওয়াকে নিজের অপরাধ মনে করবে না? বর্ণিত প্রশ্নে বলা হয়েছে যে, আল্লাহ যদি কারও তাকদীরে লিখে রাখেন যে, সে একটি মসজিদ বানাবে, সে অবশ্যই মসজিদটি বানাবে, কিন্তু কীভাবে বানাবে সে ব্যাপারে সে সম্পূর্ণ স্বাধীন এ উদাহরণটি ঠিক নয়। কেননা তাতে ধারণা করা হয় যে, নির্মাণের পদ্ধতি সম্পূর্ণ বান্দার হাতে। এতে আল্লাহর কোনো হাত নেই। সঠিক কথা এই যে, নির্মাণ করা এবং নির্মাণের পদ্ধতি সবই তাকদীরে নির্ধারিত। উভয়টি নির্বাচনে বান্দার স্বাধীনতা রয়েছে। তবে তাকে বাধ্য করা হয় নি। যেমনভাবে তাকে আপন ঘরবাড়ি নির্মাণ বা মেরামত করতে বাধ্য করা হয় নি। তাকদীর সম্পূর্ণ গোপন বিষয়। অহীর মাধ্যমে যাকে আল্লাহ অবগত করান সেই কেবল জানতে পারে। এমনিভাবে নির্মাণের পদ্ধতিও আল্লাহর নির্ধারণের মাধ্যমেই হয়ে থাকে। সমস্ত জিনিসের বিবরণ বিস্তারিতভাবে এবং সংক্ষিপ্তভাবে তাকদীরে লিখিত আছে।

আল্লাহ যে বিষয়ের ইচ্ছা করেন বা নির্ধারণ করেন, তা ব্যতীত বান্দার পক্ষে অন্য কিছু নির্বাচন করা সম্ভব নয়; বরং বান্দা যখন কোনো কিছু করে, তখন সে ভালো করেই জানে যে, এটা আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত। আল্লাহ তাঁর বান্দাদের সকল কর্ম সৃষ্টি ও নির্ধারণ করেন আর বান্দা প্রকাশ্যভাবে তা সম্পাদন করে। বান্দা যখন কর্ম সম্পাদন করে, তখন সে অনুভবই করতে পারে না যে, কেউ তাকে কাজটি করতে বাধ্য করছে। বাহ্যিক উপকরণের মাধ্যমে বান্দা যখন কাজটি করে ফেলে, তখন সে দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, আল্লাহই তার ভাগ্যে লিপিবদ্ধ করে রেখেছেন।

প্রশ্নে বর্ণিত মানুষের পাপ কাজের যে উদাহরণ দেওয়া হয়েছে, তাতে আমরা তাই বলব, যা আমরা মসজিদ নির্মাণের ক্ষেত্রে বলেছি। বান্দা কর্তৃক স্বেচ্ছায় কোনো কাজ নির্বাচন করা আল্লাহর নির্ধারণের পরিপন্থী নয়। কেননা কাজ করার জন্য বান্দা যখন অগ্রসর হয়, তখন সে সেচ্ছায় কাজিট নির্বাচন করেই অগ্রসর হয় এবং সে জানে না যে, কেউ তাকে কাজ করার জন্য বাধ্য করছে। কিন্তু যখন সে করে ফেলে, তখন সে জানতে পারে যে, আল্লাহ তার জন্যে কাজিট নির্ধারণ করেছেন। এমনিভাবে পাপকাজে লিপ্ত হওয়া এবং তার প্রতি অগ্রসর হওয়া বান্দার নির্বাচনের মাধ্যমেই হয়ে থাকে। এটি তাকদীরের খেলাফ নয়। আল্লাহই সকল কিছুর একমাত্র সৃষ্টিকর্তা। সকল কর্ম বাস্তবায়নের উপকরণও তিনি সৃষ্টি করেছেন। বান্দার পক্ষ থেকে ইচ্ছায় বা অনিচ্ছায় যে সকল কাজ সংঘটিত হয়, তা সবই আল্লাহর পক্ষ হতে নির্ধারিত। আল্লাহ বলেন,

﴿ أَلَم اَ تَع اَلُم اَ أَنَّ ٱللَّهَ يَع اللَّهُ مَا فِي ٱلسَّمَآءِ وَٱلااً راضِ اإِنَّ ذَٰلِكَ فِي كِتُب اإ إِنَّ ذَٰلِكَ عَلَى ٱللَّهِ يَسِيرا ﴾ [الحج: ٧٠]

"তুমি কি জান না যে, আল্লাহ জানেন যা আকাশে ও জমিনে আছে। এসব কিতাবে লিখিত আছে। এটা আল্লাহর কাছে সহজ।" [সূরা আল-হজ, আয়াত: ৭০]

আল্লাহ বলেন,

﴿ وَكَذَٰلِكَ جَعَلَانَا لِكُلِّ نَبِي عَدُوًّا شَيَٰطِينَ ٱلداإِنسِ وَٱلدَّجِنِّ يُوحِي بَعدَّضُهُم اللَّي بَعدَ ضُ زُخدَرُفَ ٱلدَّقُوالِ غُرُورًا وَلُوكَ شَاءَ رَبُّكَ مَا فَعَلُوهُ القَدر الهُم وَمَا يَفاتَرُونَ ﴾ [الانعام: ١١٢]

"এমনিভাবে আমি প্রত্যেক নবীর জন্যে শত্রু হিসেবে সৃষ্টি করেছি মানুষ ও জিন্ন শয়তানদের। তারা ধোঁকা দেওয়ার জন্যে একে অপরকে চাকচিক্যপূর্ণ প্রবঞ্চনা মূলক কথা-বার্তা শিক্ষা দেয়। যদি আপনার রব চাইতেন,



তবে তারা এ কাজ করত না।" [সূরা আল-আন'আম, আয়াত: ১১২] আল্লাহ আরো বলেন,

﴿ وَكَذَٰلِكَ زَيَّنَ لِكَثِيرٍ مِّنَ ٱلكَمُسْكِرِكِينَ قَتَالَ أَوالَّدِهِمِ الشُركَآوُهُمَ اليُرادُوهُمَ وَلِيَلاَبِسُواْ عَلَياهِمِ دِينَهُمِاكَ وَلَوَا شَاءَ ٱللَّهُ مَا فَعَلُوهُ الْالْعَلَمِ وَمَا يَفْاَتَرُونَ ﴾ [الانعام: ١٣٧]

"এমনিভাবে অনেক মুশরেকের দৃষ্টিতে তাদের উপাস্যরা সন্তান হত্যাকে সুশোভিত করে দিয়েছে। যেন তারা তাদেরকে বিনষ্ট করে দেয় এবং তাদের ধর্মমতকে তাদের কাছে বিদ্রান্ত করে দেয়। যদি আল্লাহ চাইতেন, তবে তারা এ কাজ করত না। অতএব, আপনি তাদেরকে এবং তাদের মিথ্যাচারিতাকে পরিত্যাগ করুন।" [সূরা আল-আন'আম, আয়াত: ১৩৭]

আল্লাহ আরো বলেন,

﴿ وَلُوا شَاءَ ٱللَّهُ مَا ٱقاتَتَلَ ٱلَّذِينَ مِن البَعادِهِم مِّن البَعادِ مَا جَآءَتاهُمُ ٱلسَّبَيِّنُتُ وَلَٰكِنِ ٱخْاتَلَفُواْ فَمِناهُم مَّن اللهُ مَا اللهُ مَا اللهُ مَا اللهُ مَا اللهُ مَا اللهُ يَفاعَلُ مَا يُريدُ ﴿ [البقرة: ٢٥٣]

"আর আল্লাহ যদি ইচ্ছা করতেন, তাহলে পরিস্কার নির্দেশ এসে যাবার পর পয়গাম্বরদের পেছনে যারা ছিল তারা লড়াই করত না; কিন্তু তাদের মধ্যে মতবিরোধ হয়ে গেছে। অতঃপর তাদের কেউ তো ঈমান এনেছে, আর কেউ হয়েছে কাফির। আল্লাহ যদি ইচ্ছা করতেন, তাহলে তারা পরস্পরে লড়াই করতো না, কিন্তু আল্লাহ তাই করেন, যা তিনি ইচ্ছা করেন।" [সুরা আল-বাকারা, আয়াত: ২৫২]

কোনো মানুষের উচিৎ নয় যে, নিজের ভিতরে বা অন্যের ভিতরে এমন কোনো জিনিসের অনুসন্ধান করা, যা অপরের জন্য সমস্যার কারণ হতে পারে এবং তাকদীরের মাধ্যমে শরী আতের বিরোধীতা করার ধারণা সৃষ্টি হতে পারে। সাহাবীদের আমল এ রকম ছিলনা। ইবন আবু তালেব রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন.

«مَا مِنْكُمْ مِنْ نَفْسٍ مَنْفُوسَةٍ إِلَّا كُتِبَ مَكَانُهَا مِنَ الْجَنَّةِ وَالنَّارِ وَإِلَّا قَدْ كُتِبَ شَقِيَّةً أَوْ سَعِيدَةً فَقَالَ رَجُلُّ يَا رَسُولَ اللَّهِ أَفَلَا نَتَّكِلُ عَلَى كِتَابِنَا وَنَدَعُ الْعَمَلَ فَمَنْ كَانَ مِنَّا مِنْ أَهْلِ السَّعَادَةِ فَسَيَصِيرُ إِلَى عَمَلِ أَهْلِ السَّعَادَةِ وَأَمَّا مَنْ كَانَ مِنَّا مِنْ أَهْلِ السَّعَادَةِ فَلَيَسَّرُونَ لِعَمَلِ السَّعَادَةِ وَأَمَّا كَانَ مِنَّا مِنْ أَهْلِ السَّعَادَةِ فَلَيَسَّرُونَ لِعَمَلِ السَّعَادَةِ وَأَمَّا كَانَ مِنَّا أَهْلُ السَّعَادَةِ فَلْيَسَّرُونَ لِعَمَلِ السَّعَادَةِ وَأَمَّا أَهْلُ الشَّقَاوَةِ فَلْيَسَّرُونَ لِعَمَل الشَّقَاوَةِ ثُمَّ قَرَأً ﴿ فَأَمَّا مَن اللَّقَاعَةِ فَلْ السَّعَادَةِ وَأَعَالَ السَّعَادَةِ وَاللَّالَ اللَّالَّالَ اللَّالَّالَ اللَّالَّالَ اللَّالَالَ اللَّالَالَ اللَّالَّ اللَّالَّالَ اللَّالَّالَ اللَّالَالَ اللَّالَالَ اللَّالَّالَ اللَّالَالَ اللَّالَالَ اللَّالَ اللَّالَالَ اللَّالَّالَ اللَّالَالَ اللَّالَالَ اللَّالَّالَ اللَّالَالَ اللَّالَالَ اللَّهُ مَلُ الللَّالَ اللَّوْلَ اللَّالَ الللَّ اللَّهُ اللَّالَ اللَّالَّ اللَّالَالُولُونَ لِعَمَل اللَّقَقَاوَةِ ثُلُ اللَّالَةُ فَاللَ اللَّلْ اللَّالُولُ اللَّالَ اللَّالَةُ اللَّالَ اللَّالَالُولُ اللَّالَ الْعَلَى اللَّلْ الْمَالُولُ اللَّالَّالُ اللَّالَالَ اللَّالَ اللَّالَالَ اللَّالَالَ اللَّالَالَ اللَّالَالُولُ اللَّالَّالَ اللَّالَالُولُولُ اللَّالَالُولُولُولُ اللَّالَ اللَّالَالَةُ اللَّالَ اللَّالَالُولُ اللْلُولُ اللَّالَالِي الللَّالَالُولُ اللَّالَ اللَّالَالَ اللَّالَالُولُولُولُ الللْلُلُولُ اللَّالَالُولُ اللَّالَالُولُ الللْلُولُ اللَّالَالُولُولُولُ الللْلُولُ اللَّلْلِي اللْلِلْمُ اللْلُولُ اللْلُولُ الللللَّالُولُ الللْلُولُ اللَّالَةُ اللْلِلْ اللَّالَالْمُ الللْلُولُ الللللْلُولُ الللْلَالُولُ اللللْلُولُ اللللْلُولُ اللَّالَالُولُولُ الللْلُولُ الللْلُولُ اللللْلُولُ الللْلَالُولُ اللللْلُولُ الللْلُولُ اللللْلُولُ اللللْلُولُ اللَّلْمُ اللللْلُولُ الللْلُولُ اللللْلُولُ اللللْلُولُ اللللْلُولُ اللللْلِلْمُ الللللْلُولُ الللْلُولُ الللْلُولُ اللْلُولُ اللْلُولُ الللْلُولُ الللللْلُولُ اللللْلُولُ الللْلُولُ اللللْلِلْ

"তোমাদের মধ্যে এমন কোনো লোক নেই, যার ঠিকানা জান্নাতে অথবা জাহান্নামে লিখে দেওয়া হয় নি। সাহাবীগণ বললেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমরা কি ভাগ্যের লেখার ওপর ভরসা করে বসে থাকব না এবং আমল বর্জন করব না? নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'না বরং তোমরা আমল কর। কারণ, প্রত্যেক ব্যক্তিকে যে কাজের জন্য সৃষ্টি করা হয়েছে, তার জন্য সে কাজ সহজ করে দেওয়া হবে। যে ব্যক্তি সৌভাগ্যশীলদের অন্তর্ভুক্ত হবে, তার জন্য সৌভাগ্যশীলদের আমল সহজ করে দেওয়া হবে আর যে ব্যক্তি দুর্ভাগ্যশীলদের অন্তর্ভুক্ত হবে, তার জন্য দুর্ভাগ্যশীলদের আমল সহজ করে দেওয়া হবে।' অতঃপর নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কুরআনের এ আয়াতিট পাঠ করলেন,

﴿ فَأَمَّا مَن ؟ أَع اللَّهُ وَاتَّقَىٰ ٥ وَصَدَّقَ بِٱل الحُس اللَّهُ ١ فَسَنُيسِّرُهُ ٤ لِلاَيُس الرَّىٰ ٧ وَأَمَّا مَن ؟ بَخِلَ وَٱس اَتَعْ الْهِ لَا لَهُ اللَّهُ اللّ



وَكَذَّبَ بِٱلدَّحُسِكَنَىٰ ٩ فَسَنُيسِّرُهُ ٤ لِلدَّعُسِيرَىٰ الليل: ٥،٠١]

"অতএব, যে দান করে, আল্লাহ ভীরু হয় এবং উত্তম বিষয়কে সত্যায়ন করে। আমি তাকে সুখের বিষয়ের (জানাতের) জন্যে সহজ পথ দান করব। আর যে কৃপণতা করে ও বেপরওয়া হয় এবং উত্তম বিষয়কে মিথ্যা মনে করে। আমি তাকে কষ্টের বিষয়ের (জাহান্নামের) জন্যে সহজ পথ দান করব"। [সূরা আল-লাইল, আয়াত: ৫-১০]"[1]

উপরোক্ত হাদীসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভাগ্যের লিখনের ওপর নির্ভর করে আমল ছেড়ে দিতে নিষেধ করেছেন। কারণ, সৌভাগ্যবান না দুর্ভাগ্যবান, তা জানার কোনো উপায় নেই এবং মানুষকে তার সাধ্যানুযায়ী আমল করার আদেশ দেওয়া হয়েছে। কুরআনের আয়াত দিয়ে প্রমাণ করা হয়েছে যে, যে ব্যক্তি ঈমান আনবে এবং সৎ আমল করবে, তার জন্য কল্যাণের সহজ পথকে আরো সহজ করে দিবেন। এটিই ফলদায়ক ঔষধ। এর মাধ্যমেই বান্দা তার সৌভাগ্যের উচ্চ শিখরে আরোহণ করতে সক্ষম হবে এবং ঈমান আনার সাথে সৎ আমল করার জন্যে সদা স্বচেষ্ট থাকবে।

আল্লাহর কাছে প্রার্থনা, তিনি যেন সংআমল করার তাওফীক দেন, ভালো পথ সহজ করে দেন, কঠিন পথ থেকে আমাদেরকে দূরে রাখেন এবং দুনিয়া-আখেরাতে ক্ষমা করেন।

ফুটনোট

[1] সহীহ বুখারী, অধ্যায়: তাফসীরুল কুরআন; সহীহ মুসলিম, অধ্যায়: তরুদীর।

Source — https://www.hadithbd.com/books/link/?id=593

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন